

## সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৫৫৬

১৮/ বিচার (کتاب الأقضية) পরিচ্ছেদঃ ৩৯৬, সন্ধি সম্পর্কে।

باب فِي الصُّلْح

## আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ صَالِحٍ، حَدَّثَنَا ابْنُ وَهْبٍ، أَخْبَرَنِي يُونُسُ، عَنِ ابْنِ شِهَابٍ، أَخْبَرَنِي عَبْدُ اللَّهِ بْنُ كَعْبِ بْنِ مَالِكِ، أَنَّ كَعْبَ بْنَ مَالِكِ، أَخْبَرَهُ أَنَّهُ، تَقَاضَى ابْنَ أَبِي حَدْرَدٍ دَيْنًا كَانَ لَهُ عَلَيْهِ فِي عَهْدِ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فِي الْمَسْجِدِ فَارْتَفَعَتْ أَصْوَاتُهُمَا حَتَّى سَمِعَهُمَا رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم وَهُوَ فِي بَيْتِهِ فَخَرَجَ إِلَيْهِمَا رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم وَهُو فِي بَيْتِهِ فَخَرَجَ إِلَيْهِمَا رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم وَهُو فِي بَيْتِهِ فَخَرَجَ إِلَيْهِمَا رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم حَتَّى كَشَفَ سِجْفَ حُجْرَتِهِ وَنَادَى كَعْبَ بْنَ مَالِكِ فَقَالَ " يَا كَعْبُ " . فَقَالَ لَبَيْكَ يَا رَسُولُ اللَّهِ . فَأَشَارَ لَهُ بِيَدِهِ أَنْ ضَعِ الشَّطْرَ مِنْ دَيْنِكَ قَالَ كَعْبُ قَدْ فَعَلْتُ يَا رَسُولَ اللَّهِ . قَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم " قُمْ فَاقْضِهِ " .

## বাংলা

৩৫৫৬. আহমদ ইবন সালিহ (রহঃ) ..... কা'ব ইবন মালিক (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম-এর যামানায় ইবন আবী হাদরাদের নিকট স্বীয় পাওনা আদায়ের জন্য মসজিদের মধ্যে তাগাদা দেন, যা তিনি তার নিকট পেতেন। এ সময় তাদের কথাবার্তা এমন প্রচণ্ডভাবে হয় যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম-এর কানে তা পৌছে যায় এবং এ সময় তিনি তাঁর গৃহে অবস্থান করছিলেন। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম তাদের সামনে বেরিয়ে আসেন এবং হুজরার পর্দা উঠিয়ে কা'ব ইবন মালিককে আহবান করে বলেনঃ হে কা'ব! তিনি বলেনঃ ইয়া রাসূলাল্লাহ! আমি হাযির আছি। তখন তিনি তাঁর হাত দিয়ে ইশারা করে বলেনঃ তোমার পাওনার অর্ধেক মাফ করে দাও। কা'ব (রাঃ) বলেনঃ আমি অর্ধেক মাফ করে দিলাম, হে আল্লাহ্র রাসূল! এরপর তিনি ইবন আবী হাদরাদ (রাঃ)-কে বলেনঃ এখন উঠ এবং বাকী পাওনা আদায় করে দাও।

## **English**

Ka'b bin Malik said that in the time of the Messenger of Allah (ﷺ) he made



demand in the mosque for payment of a debt due to him from Ibn Abi Hadrad, and their voices rose till the Messenger of Allah (ﷺ), who was in his house, heard them. The Messenger of Allah (ﷺ) then went out to them and, removing the curtain of his apartment, he called to Ka'b bin Malik, addressing:

"Ka'b!" He said: "At your service, Messenger of Allah." Thereupon he made a gesture with is hand indicating: Remit half the debt due to you. Ka'b said: "I shall do so, Messenger of Allah." The Prophet (ﷺ) then said: "Get up and discharge"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ কা'ব ইবন মালিক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন